গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্র: ২৪.০৯.০০০০.০০০.৬৪.৪২৬.১৯- ৩০৭ তারিখঃ ২৪ অক্টোবর ২০২৪

**অফিস আদেশ**

জেডিপিসি'র ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা মোতাবেক আগামী ৩১ অক্টোবর ২০২৪ তারিখ সকাল ১০:০০ ঘটিকার সময় সেবা প্রদান প্রতিশ্রুতি আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব জিনাত আরা, অতিরিক্ত সচিব ও নির্বাহী পরিচালক, জেডিপিসি।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪.১০.২০২৪
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩

বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)
০১। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, ফোকাল পয়েন্ট ও টেকনোলজি রিসার্চ এন্ড টেনিং এক্সিকিউটিভ, জেডিপিসি।
০২। জনাব নুসরাত জাহান,সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ, জেডিপিসি।
০৩। জনাব মোঃ মোজাহিদুল ইসলাম, মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ, জেডিপিসি।
০৪। জনাব মোঃ আবদুল হান্নান মিয়াজী, পার্সোনাল অফিসার, জেডিপিসি।
০৫। জনাব পলিগুহ, পার্সোনাল অফিসার, জেডিপিসি।
০৬। সেন্টার ইন-চার্জ (সকল)

অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ
০১। প্রশাসনিক কর্মকর্তা, জেডিপিসি।
০২। নির্বাহী পরিচালক মহোদয়ের পার্সোনাল অফিসার, ১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
bwww.jdpc.gov.d

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৪.০৯.০০০০.০০১.০৬.৩২৫.১৮.২০

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে আয়োজিত ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব জিনাত আরা<br>নির্বাহী পরিচালক , জেডিপিসি |
| স্থান | : জেডিপিসি'র সম্মেলন কক্ষ (১৪৫, মনিপুরী পাড়া তেজগাঁও, ঢাকা)। |
| তারিখ | : ৩১ অক্টোবর ২০২৪ |

**উপস্থিতি পরিশিষ্ট-'ক'**

সভাপতি সূচনা বক্তব্যে কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জেডিপিসি'র ও জেইএসসি সেন্টারের সকল কর্মকর্তা-কর্মচারীদের পরিচয় পর্ব শেষে তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সেবা চিহ্নিত করে তা বাস্তবায়ন করার জন্য গুরুত্ব আরোপ করেন। তিনি প্রতিটি জেইএসসি সেন্টারের কর্মপরিকল্পনা সভায় উপস্থাপনের জন্য ফোকাল পয়েন্ট জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে নির্দেশনা প্রদান করেন।

২.০ অত:পর সভাপতির নির্দেশনা মোতাবেক মোঃ জাহাঙ্গীর আলম প্রণয়নকৃত কর্ম-পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। সভাপতি প্রতিটি সেন্টারের উদ্যোক্তা নিবন্ধনের ও বহুমুখী পাটপণ্যের ফেব্রিক্সসহ এক্সোসরিজ বিক্রয় বাড়ানোর জন্য জোড় তাগিদ প্রদান করেন। পণ্যের মূল্য নির্ধারিত ছকে প্রিন্ট করে প্রতিটি সেন্টারে টাঙ্গিয়ে রাখার জন্য নির্দেশ প্রদান করেন। জেডিপিসি'র আওতাধীন জেইএসসি সেন্টার ইন-চার্জদের প্রত্যেক ত্রৈমাসিকের নির্ধারিত লক্ষ্যমাত্রা যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলকে নির্দেশনা অনুরোধ করেন। সেবা প্রদানের ক্ষেত্রে কোন অভিযাগ পাওয়া গেলে তা নির্দিষ্ট সময়ের মধ্যে সমাধান করার নির্দেশনা প্রদান করে।

২.১ জনাব সীমা বোস অধরা, পরিচালক (এমআরপি) বলেন, কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম সম্পুন্ন করতে হবে এবং এ ক্ষেত্রে কোন রকম ব্যত্যয় বা শৈথিল্য গ্রহণযোগ্য হবে না মর্মে সকলকে সতর্ক করেন। তিনি আরও বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি গুলো সঠিকভাবে বাস্তবায়নের মাধ্যমে জেডিপিসিকে দেশ ও দেশের বাহিরে একটি উচ্চতর জায়গায় নিয়ে যাওয়া সম্ভব সে মোতাবেক সকলকে কাজ করতে হবে।

২.২ টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গীর আলম বলেন, প্রতি কোয়ার্টারের প্রথম সপ্তাহে কমিটির সভা আয়োজন করার জন্য নির্দেশনা রয়েছে। তিনি উদ্যোক্তা নিবন্ধন বৃদ্ধি ও বহুমুখী পাটপণ্য বিক্রয় বৃদ্ধির জন্য ডিসি অফিসসহ প্রতিটি জেলার সরকারি-বেসরকারি অফিসে মার্কেটিং ও জেডিপিসি'র ও জেইএসসি গুলোর অর্থনৈতিক স্বক্ষমতা বাড়ানোর জন্য ৬টি জেইএসসি'র ইনচার্জকে একটি কর্মপরিকল্পনা তৈরী করে জেডিপিসি'র হেড অফিসে প্রেরণের জন্য অনুরোধ করেন। জেডিপিসি'র ওয়েব সাইটে কনটেন্ট অনুযায়ী বাস্তবায়িত প্রতিটি কার্যক্রমের প্রমাণকগুলো আপলোড করার জন্য জনাব আবদুল হান্নান মিয়াজিকে নির্দেশনা প্রদান করেন।

২.৩ মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোঃ মোজাহিদুল ইসলাম বলেন, সেবা পাওয়ার ক্ষেত্রে সেবা গ্রহীতা অসন্তষ্ট হলে কারণ অনুসন্ধান করে সে মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। উদ্যোক্তাদের মোবাইলে, ফোনে, ইমেইলে ও জেডিপিসি'র ওয়েব সাইটের মাধ্যমে বিভিন্ন কার্যক্রমের তথ্য প্রেরণ করা জন্য কম্পিউটার এন্ড ডাটা ব্যাংক অপারেটরকে অনুরোধ জানান। কোন অভিযোগ থাকলে তা নির্ধারিত সময়ের মধ্যে নিশ্পন্ন করা সকলের দায়িত্ব বলে তিনি মতামত প্রদান করেন।

২.৪ সিনিয়ন ডিজাইন এক্সিকিউটিভ জনাব নুসরাত জাহান বলেন, জেডিপিসি'র উদ্যোক্তাদের বিভিন্ন সময়ে বিভিন্ন প্রকার নাগরিক সেবা প্রদান করে আসছে। ক্রেতাদের মালামাল ক্রয়ের সুবিধার্থে প্রতিটি জেইএসসিতে কাচাঁমালের মূল্য তালিকা টাঙ্গিয়ে রাখা উচিৎ বলে তিনি মতামত ব্যক্ত করেন। তিনি আরো বলেন যে, সিটিজেন চার্টারের সেবাসমূহ গুরুত্বসহকারে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিপালন করতে হবে। তিনি উদ্যোক্তাদের সেবা প্রদানের ক্ষেত্রে সকলকে আরো দায়িত্বশীল ও আন্তরিক হওয়ার আহবান জানান।

২.৫ পার্সোনাল অফিসার সৈয়দ জাকারিয়া সেন্টার ইন-চার্জদের উদ্দেশ্যে বলেন, উদ্যোক্তাদের নিবন্ধন আরো বাড়ানোর জন্য আরো কাজ করতে হবে। যে সকল উদ্যোক্তা বহুমুখী পাটপণ্যের মেলায় অংশগ্রহণ করতে চান তাদের সাথে জেইএসসি সেন্টার ইন-চার্জদের যোগাযোগ অব্যহত রাখতে হবে মর্মে মতামত ব্যক্ত করেন।

২.৬ জেইএসসি যশোর সেন্টার ইন-চার্জ জনাব মাজেদুর রহমান ভূঞা বলেন, সিটিজেন চার্টার এর কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। জেইএসসিতে ফেব্রিক্সসহ প্রয়োজনীয় কাচাঁমাল সময়মত পাওয়া না যাওয়ায় বিক্রয় কমে যাচ্ছে। তাই সময় মত ফেব্রিক্স প্রেরণের জন্য তিনি অনুরোধ করেন।

২.৭ জেইএসসি রংপুর সেন্টার ইন-চার্জ জনাব দিদারুল হক বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে এবং ০৫ জন উদ্যোক্তা নিবন্ধনের জন্য আবেদপত্র প্রেরণ করা হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। তিনি মনে করেন যে, ফেব্রিক্সসহ প্রয়োজনীয় কাচাঁমাল সময়মত পাওয়া গেলে বিক্রয় বৃদ্ধিকরা সম্ভব হবে।

২.৮ জেইএসসি ঢাকা এর সেন্টার ইন-চার্জ জনাব ইসতিয়াক আহমেদ বলেন, সিটিজেন চার্টারের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। ১ম কোয়ার্টারে ৫ জন উদ্যোক্তার নিবন্ধন সম্পন্ন করা হয়েছে। তিনি অতিদ্রুততম সময়ে বিভিন্ন কালারের চাহিদামত ফেব্রিক্স জেইএসসিতে সরবরাহের জন্য নির্বাহী পরিচালক মহোদয়কে অনুরোধ করেন।

২.৯ জেইএসসি চট্রগ্রামের বিপণনসহকারী কর্মকর্তা জনাব স্বপন কুমার মোহন্ত বলেন, চট্রগ্রামে ৩ জন উদ্যোক্তা নিবন্ধন করা হয়েছে এবং নিবন্ধন আরো ৭ জনের প্রয়োজনীয় কাগজপত্র জেডিপিসিতে প্রেরণ করা হয়েছে। সিটিজেন চার্টারের কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে বাস্তবায়ন অগ্রগতি প্রধান কার্যলয়ে প্রেরণ করা হয়েছে।

৩.০ সভাপতি বলেন, জেডিপিসি'র আওতাধীন জেইএসসি গুলোর কার্যক্রম আরো বেগবান করতে হবে। তিনি সেন্টার গুলোকে কাজের পরিধি বৃদ্ধিসহ আয় বাড়ানোর উদ্যোগ গ্রহণ এবং প্রতিটি সেন্টারে ফেব্রিক্সসহ প্রয়োজনীয় কাচাঁমাল প্রেরণ করার জন্য মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোঃ মোজাহিদুল ইসলামকে নির্দেশনা প্রদান করেন। তিনি প্রত্যেক সেন্টার ইন-চার্জদেরকে উদ্যোক্তা নিবন্ধন, বিভিন্ন মেলায় অংশগ্রহণ, বহুমুখী পাটপণ্য বৃদ্ধির জন্য সচেতনতা কর্মশালা ও অন্যান্য সেবা প্রদানের বাস্তবায়িত কার্যক্রমের প্রমাণকসহ তথ্যাবলী আগামী ৩০ ডিসেম্বর ২০২৪ এর মধ্যে জেডিপিসি'র প্রধানকার্যালয়ে প্রেরণ করতে নির্দেশনা প্রদান করেন।

<u>৪.০ আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমুহ গৃহীত হয়:</u>

(ক) প্রতিটি জেইএসসি সেন্টারে কাচাঁমালের মূল্য তালিকা টাঙ্গিয়ে রাখার ছবি জেডিপিসি'র প্রধান কার্যলয়ের পাঠাতে হবে।

(খ) চাহিদা মোতাবেক প্রতিটি সেন্টারে ফেব্রিক্সসহ প্রয়োজনীয় কাচাঁমাল প্রেরণ করতে হবে।

(গ) প্রত্যেক জেইএসসিকে সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির প্রমাণকসহ ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে জেডিপিসি'র প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৫.০ অতঃপর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০-১১-২০২৪
জিনাত আরা
নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), নির্বাহী পরিচালকের দপ্তর, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)।



২১-১১-২০২৪
মো: জাহাঙ্গীর আলম
টেকনলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**www.jdpc.gov.bd**

**বিষয়ঃ** ৩১ অক্টোবর ২০২৪ তারিখে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অনুষ্ঠিত ত্রৈমাসিক সভায় উপস্থিতির তালিকা

| ক্রমিক নং | নাম , পদবী ও ঠিকানা | ইমেইল /মোবাইল নং | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১ | জিনাত আরা<br>নির্বাহী পরিচালক, জেডিপিসি | ed@jdpc.gov.bd | ৩১/১০/২০২৪ |
| ০২ | মোঃ মশিউর রহমান<br>পরিচালক , জেডিপিসি | 01712-544774 | ৩১/১০/2024 |
| ০৩ | সীমা বোস অধরা<br>পরিচালক (এমআরপি)<br>জেডিপিসি | mrp@jdpc.gov.bd | 31. 10. 2024 |
| ০৪ | মোঃ জাহাঙ্গীর আলম<br>প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী<br>জেডিপিসি | bipuljahangir06@gmail.com | ৩১/১০/2024 |
| ০৫ | মোঃ মোজাহিদুল ইসলাম<br>মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ,<br>জেডিপিসি। | 01757111567 | ৩১/১০/24 |
| ০৬ | নুসরাত জাহান<br>সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ<br>জেডিপিসি | njahan2026@gmil.com<br>01712014595 | ৩১/১০/24 |
| ০৭ | মোঃ ইউসুফ আলী বাবলু,<br>সেন্টার ইন-চার্জ, জেইএসসি, টাঙ্গাইল। | ০১৭১১৪৫৮৬৫২ | ৩১/১০/২০২৪ |
| ০৮ | মোহাম্মদ দিদারুল হক,<br>সেন্টার ইন-চার্জ, জেইএসসি, রংপুর। | ০১৭২৩-৮৬৭৬১৪ | দিদারুল হক<br>৩১/১০/২০২৪ |
| ০৯ | মোঃ মাজেদুর রহমান ভূঞা<br>সেন্টার ইন-চার্জ, জেইএসসি, যশোর। | ০১৭২০ ৩৪৭৩৩৯ | ৩১/১০/২০২৪ |
| ১০ | মোঃ আব্দুল হান্নান মিয়াজী<br>পার্সোনাল অফিসার, জেডিপিসি | ০১৭১৫৭৬৬৮০৮ | ৩১/১০/২৪ |

| | | | |
|---|---|---|---|
| ১১ | পলি গুহ<br>পার্সোনাল অফিসার, জেডিপিসি | 01912459962 | Pchue<br>31/10/2024 |
| ১২ | স্বপন চন্দ্র মোহন্ত<br>এক্সটেনশন এন্ড মার্কেটিং এ্যাসিসটেন্ট,<br>জেইএসসি, চট্টগ্রাম। | 01712352161 | 31/10/24 |
| ১৩ | মোহাম্মদ মোফাখখারুল ইসলাম<br>এক্সটেনশন এন্ড মার্কেটিং এ্যাসিসটেন্ট,<br>জেইএসসি, জামালপুর। | ০১৭১২-৭৭২৭৯৮ | ৩১-১০-২০২৪ |
| ১৪. | ইশতিয়াক আহম্মেদ<br>টেস্টিং ইন-চার্জ<br>জেইডিপিসি, ঢাকা | 01911067749 | ইশতিয়াক আহম্মেদ |

জেডিপিসি ও আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ২য় ত্রৈমাসিক সভার ছবি।





তারিখ: ৩১ অক্টোবর ২০২৪
স্থান: সম্মেলণ কক্ষ